

## সব্যসাচী আবিদ রহমানের চূয়ান্নতম জন্মদিন ২১ নভেম্বর

মোহাম্মদ আলী বোখারী, টরন্টো থেকে

একাধারে সাংবাদিক-প্রাবন্ধিক-নাট্যকার-রাজনীতিবিদ সব্যসাচী আবিদ রহমানের চূয়ান্নতম জন্মদিন আগামী ২১ নভেম্বর। ১৯৫৭ সালের এই দিনে তিনি চট্টগ্রামের নালাপাড়াস্থ নাহার মঞ্জিলে জন্মগ্রহণ করেন। তিন ভাইয়ের সর্বকনিষ্ঠ আবিদ বেড়ে উঠেছেন শহরের লালখান বাজারে। দশ ক্লাসের ম্যাট্রিক পরীক্ষা পাশ করতে বদল করেছেন এগারোটি স্কুল, আর দুই বছরের কলেজের জন্য দারস্থ হয়েছেন তিনটি শিক্ষা প্রতিষ্ঠান ; সবই ঘটেছে বাবার সরকারী চাকুরির সুবাদে।



আবিদ রহমানের লেখালেখির সূচনা স্বাভাবিক বাঙ্গালী নিয়মে কবিতা দিয়ে কুমিল্লার ভিক্টোরিয়া কলেজে ছাত্রাবস্থায় দেবদাস মলয় ছদ্মনামে ছিয়াত্তর সালে। কিছুদিন লিখেছেন মিনি খোন্দকার নামে। সেটি তার ডাকনাম মিনার থেকে মিনি হয়েছে। পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বন্ধু আলী রীয়াজ, রুদ্র মুহাম্মদ শহীদুল্লাহ ও মঈনুল আহসান সাবের-এর উৎসাহ ও অনুপ্রেরণায় গদ্য লেখায় মনোনিবেশ করেন। উনাশিতে জিয়ার সামরিক শাসনের বিরুদ্ধে প্রকাশিত 'স্বরূপ অন্তেষা'র প্রথম লেখাটিই আবিদের। 'সাম্প্রদায়িকতা' শিরোনামের লেখাটি বুদ্ধিজীবী মহলে বিপুলভাবে সমাদৃত হয়। উনাশিতে তার সম্পাদনায় প্রকাশিত হয় বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম গল্প সংকলন - প্রেক্ষাপট'৭১। একাশিতে প্রকাশিত হয় আবিদেও প্রথম গ্রন্থ 'সৈয়দ ওয়ালি উল্লাহ'র উপন্যাস। একই বছর জনপদ নাট্যদল তারই রচনা ও নির্দেশনায় ঢাকার মহিলা সমিতি মঞ্চে আনেন 'মেট্রোপলিশ'। তিনি সত্তর দশকের বহুল আলোচিত সাংস্কৃতিক সংগঠন 'রাখাল'র উদ্যোক্তাদের অন্যতম।

সাংবাদিকতায় হাতে খড়ি উনাশির এপ্রিলে অধুনালুপ্ত 'রিপোর্টার'-এ প্রতিযশা ওবায়দুল হক কামালের তত্ত্বাবধানে। একই বছরের জুলাইতে তিনি যোগ দেন শহীদ জিয়ার প্রতিষ্ঠিত অধুনালুপ্ত 'দৈনিক দেশ'-এ। চুরাশি ও ছিয়াশিতে সর্বকনিষ্ঠ বয়সে জাতীয় প্রেস ক্লাবের পরিচালনা পর্ষদের সদস্য নির্বাচিত হন। তিনি বিভিন্ন দৈনিক ও সাপ্তাহিকে বিভিন্ন পদমর্যাদায় সাতাশি অধি কর্মরত ছিলেন। চুরাশিতে বিসিএস পাশ করেন।

মাঝে বছর দুয়েকের ব্যাংকার আবিদ বিরানবইয়ে পাড়ি জমান হংকং। সেখানে আট বছর ব্যবসা করেছেন শিপিং ও বান্ধ গুডসের। নিরানবইতে ব্যবসার কাজে ইন্দোনেশিয়ার জাকার্তায় অস্থায়ী নিবাস গড়েন। দু'হাজার চারে এক সন্তানের জনক আবিদ সপরিবারে স্থায়ী নিবাস গড়েন অস্ট্রেলিয়ার মেলবোর্নে। মেলবোর্ন বাংলা থিয়েটারের প্রতিষ্ঠাতা সভাপতি আবিদ দীর্ঘ বিরতি ভেঙ্গে মনোনিবেশ করেন লেখালেখিতে। রূপান্তর করেন মল্লিয়েরের নাটক 'বউদের পাঠশালা'। সম্পূর্ণ হন মেলবোর্ন থেকে প্রকাশিত বাংলা পত্রিকাগুলোর সঙ্গে। নিয়মিত কলামিস্ট হয়ে ওঠেন দৈনিক আমাদের সময়ে। বর্তমানে আবিদ বাংলা নিউজ ২৪-এর প্রদায়ক সম্পাদকও।

সম্প্রতি আবিদ রহমান অস্ট্রেলিয়ার মূলধারার রাজনীতিতে যুক্ত হয়েছেন। সেখানকার তৃতীয় বৃহত্তম রাজনৈতিক শক্তি গ্রীণ পার্টির মনোনয়নে স্থানীয় নির্বাচন করতে যাচ্ছেন। এটি ওই রাজনীতিতে দ্বিতীয় কোনো বাঙ্গালীর উত্থান হিসেবে বিবেচিত। একইসাথে তিনি দেশটির ফেডারেল নির্বাচনে সম্ভাব্য মনোনয়ন প্রত্যাশী প্রথম ব্যক্তিত্ব।

ই-মেইল: [bukhari.toronto@gmail.com](mailto:bukhari.toronto@gmail.com)